দৈনিক সংবাদ

তারিখ ... 11 JUL 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

42

# কুমিল্লা বোর্ডের ইতিহাস ও বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

চট্টগ্রাম, ১০ই জুলাই।— (নিজস্ব বার্তা পরিবেশক)।— কুমিল্লা শিক্ষা বোর্ডের সবগুলো বিষয়ের প্রশ্নপত্র এখন ফাঁস হয়ে যেতে শুরু করেছে। গতকাল মঙ্গলবার ইতিহাস এবং সাধারণ বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্রও ফাঁস হয়ে গেছে। এ নিয়ে মোট ৪টি বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হয়েছে।

ফাঁস হয়ে যাওয়া প্রশ্নপত্রগুলোর

কুমিল্লা বোর্ড ঃ পৃঃ ৬ কঃ ৩

## কুমিল্লা বোর্ড ঃ প্রশ্নপত্র ফাঁস

(১ম পাতার পর)

ফটোকপি এখন বাজারে দেদার কেনাবেচা চলছে। একই বিষয়ের কয়েক রকম প্রশ্নপত্রও পাওয়া যাচ্ছে। প্রতিটি প্রশ্নপত্র ক্ষেত্রবিশেষে ২০ থেকে ৫০ টাকা দরে বিক্রি হচ্ছে।

### পৃথক শিক্ষা বোর্ডের দাবী

চট্টগ্রাম নাগরিক কমিটির যুগ্ম-আহ্বায়ক আবদুল্লাহ আল হারুন চৌধুরী এস এস সি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হবার সঙ্গে জড়িতদের শাস্তিদান, ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদের ক্ষতিপূরণ প্রদান এবং বৃহত্তর চট্টগ্রামের জন্য পৃথক শিক্ষা বোর্ড প্রতিষ্ঠা করতে সরকারের কাছে দাবী জানিয়েছেন।